Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: সে কি জানে

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Tue, Apr 8, 2025 at 10:42 AM
To: ucaliptas909@gmail.com

সে কি জানে

তাফিফ বিন জামিল

সে কি জানে?
সে এলে জেগে ওঠে—
আমার মনে প্রেমের গোলাপ ফোটে,
নিস্তব্ধ বিকেলে বুকে বাজে বাঁশির মৃদু সুর;
যার ঝঙ্কারে কাটে আমার অলস দুপুর।

সে কি জানে?
তার কাজল চোখের চাহনি—
আমাকে রাতে ঘুমাতে দেয় নি।
তাকে পাইনি কাছে—তবুও মনে হয়;
তার ছোঁয়ায় গলে যায় মনের সুপ্ত নীরব ভয়।
সে পাশে না থেকেও যেনো সবখানে,
তাকে ঘিরেই বেঁধেছি স্বপ্ন; আমার কবিতা–গানে।

সে কি জানে?
আমি এখনো জানি না তার নাম—
কোথায় খুঁজবো তারে; কোথায় তার গ্রাম।
হয়তো কোনো এক সকালে কিংবা সন্ধ্যায়;
বসে থাকবো আনমনা হয়ে; একা নিরালায়,
সে এসে বলবে—"এই তো আমি আছি;
তোমার দু চোখের আয়নায়—হৃদয়ের খুব কাছাকাছি।"

রচনাকাল: ২৩ চৈত্র ১৪৩১।